দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 29 NOV 2017 ...
পৃঃ ...৩... কলাম...৫... ......

# শর্ত পূরণে ব্যর্থ বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে

**—শিক্ষামন্ত্রী**

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনো তাদের ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি। এভাবে তারা বেশিদিন চলতে পারবেন না। যে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয় সফল হতে পারেননি, যারা নির্ধারিত শর্ত পূরণ করতে ব্যর্থ হয়েছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা ছাড়া আমাদের আর কোনো পথ খোলা নেই। যেকোনো মূল্যে সেসব বিশ্ববিদ্যালয়গুলোকে উন্নত অবকাঠামো তৈরি করতে হবে।

গত সোমবার রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজির দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। সমাবর্তন বক্তা ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান।

শান্ত মরিয়ম বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে মোট ৪৬৩৮ স্নাতক ও স্নাতকোত্তরকে সনদ প্রদান করা হয়। এর মধ্যে ৪ ক্যাটাগরিতে সর্বমোট ৯টি সম্মানসূচক স্বর্ণপদক দেয়া হয়।

সমাবর্তনের শেষপর্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পরিবেশনায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও 'ফ্যাশন শো'র আয়োজন করা হয়।